দৈনিক
জনকণ্ঠ

তারিখ 01 MAR 2018
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# শাবিতে সাত শিক্ষার্থীকে বহিষ্কার, ২১ জনকে জরিমানা

**শাবি সংবাদদাতা ॥** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন সেশনে ভর্তি হওয়া ছয় শিক্ষার্থীকে র‍্যাগিং ও মারধরের ঘটনায় পাঁচ শিক্ষার্থীকে বহিষ্কারসহ মোট ২১ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে জরিমানা ও সতর্ক করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ সেশনের ভর্তি পরীক্ষায় জালিয়াতির দায়ে ফুড ইঞ্জিনিয়ারিং এ্যান্ড টি টেকনোলজি বিভাগের শিক্ষার্থী আল আমিনকে এবং সহপাঠীকে ছুরিকাঘাত করে আহত করা এবং হত্যার হুমকি দেয়ায় কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১২-১৩ সেশনের শিক্ষার্থী রাসেল পারভেজকে আজীবন বহিষ্কার করা হয়েছে। বুধবার বিশ্ববিদ্যালয়ের ২০৭তম সিন্ডিকেট সভা থেকে তাদের বহিষ্কার করা হয়। র‍্যাগিং এর ঘটনায় বহিষ্কৃত ও সাজাপ্রাপ্ত সকলেই সিভিল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড এনভার্নমেন্টাল সায়েন্স বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম সেমিস্টারের শিক্ষার্থী। র‍্যাগিং এর দায়ে আজীবন বহিষ্কার হওয়া দুইজন শিক্ষার্থী হলেন, আশিক আহমেদ হিমেল ও হামিদুর রহমান রঞ্জন। দুই বছরের জন্য বহিষ্কার ও ১০ হাজার টাকা জরিমানা প্রাপ্ত দুই শিক্ষর্থী হলেন, হাম্মাদুল হাসান ও শাহরিয়ার জামান। আর এক বছর বহিষ্কার ও ১০ হাজার টাকা জরিমানা প্রাপ্ত শিক্ষার্থী হলেন, ইশতিয়াক আহমেদ। ৬ হাজার টাকা জরিমানা হওয়া পাঁচ শিক্ষার্থী হলেন, বাবলু মারমা, অদ্রী দাস, আবু রেদওয়ান খান, ওমর আলম সরকার এবং রনি সরকার। তিন হাজার টাকা জরিমানা প্রাপ্ত নয় শিক্ষার্থীরা হলেন, আহমেদ হাসিব, দেবাশীষ বসু, মাহবুব ইব্রাহীম, মোঃ শহীদুল আলম, মোঃ আল আমিন, দীপ্ত তরু, আশিকুল এনাম, রাইসুল বারী সাদাত ও সজিবুর রহমান। এ ছাড়া একই ব্যাচের নাজমুস সাকিব ও শরিফুল ইসলামকে সতর্ক করা হয়েছে। রেজিস্ট্রার বলেন, র‍্যাগিং এর ঘটনায় জড়িত থাকায় তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বিভিন্ন মেয়াদে তাদের বহিষ্কার ও সাজা প্রদান করা হয়েছে।

ন্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর